

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৭৪

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬৯. যে ব্যক্তি জানাবাতের গোসলে চুল পরিমাণ স্থানও (শুকনো অবস্থায়) ছেড়ে দেয়

بَابُ مَنْ تَرَكَ مَوْضِعَ شَعْرَةٍ مِنْ جَنَابَةٍ

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْفَصْلِ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةً عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ عَنْ زَاذَانَ عَنْ عَلِي عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ تَرَكَ مَوْضِعَ شَعْرَةٍ مِنْ جَنَابَةٍ لَمْ عَلِي ّأَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ تَرَكَ مَوْضِعَ شَعْرَةٍ مِنْ جَنَابَةٍ لَمْ يُصِبِّهَا الْمَاءُ فُعِلَ بِهَا كَذَا وَكَذَا مِنْ النَّارِ قَالَ عَلِيٌّ فَمِنْ ثَمَّ عَادَيْتُ رَأْسِي وَكَانَ يَجُنُّ شَعْرَهُ

لم يحكم عليه المحقق

## বাংলা

৭৭৪. আলী রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "যে ব্যক্তি জানাবাতের গোসলে চুল পরিমাণ স্থানও (শুকনো অবস্থায়) ছেড়ে দেয়, যেখানে পানি পৌঁছায়নি, তাকে জাহান্নামে এই এই শাস্তি দেয়া হবে"। আলী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, আর এই জন্যই আমি আমার মাথার সাথে শত্রুতা করি। আর তিনি তাঁর চুলকে কেটে ফেলেন।[1]

## ফুটনোট

[1] তাহকীক: (মুহাকিক এ হাদীসের সরাসরি কোনো হুকুম লাগাননি। বরং প্রায় দু'পৃষ্ঠা ব্যাপী এ হাদীসের রাবীদের সম্পর্কে বিভিন্ন মুহাদ্দিসের সমালোচনা ও মন্তব্য এবং একে যয়ীফ বলার কারণসমূহ উল্লেখ করে সেগুলো খণ্ডনের চেষ্টা করেছেন। এবং উপসংহারে একে সহীহ বলে মন্তব্য করেছেন। তবে শাইখ শুয়াইব আরনাউত্ব এবং আলবানী (আবু দাউদ ২৪৯) এটাকে যয়ীফ বলেছেন এবং আহমাদ শাকির (তাহকীক, মুসনাদে আহমাদ ১/৯৪ নং ৭২৭) এটাকে সহীহ বলেছেন- অনুবাদক।)

তাখরীজ: ইবনু আবী শাইবা ১/১০০; ইবনু মাজাহ ৫৯৯; তায়ালিসী ১/৬১ নং ২৩১; আবু নুয়াইম, হিলইয়াতুল



আউলিয়া ৪/২০০; আহমাদ ১/৯৪, ১০৪; আবুল্লাহ ইবনু আহমাদ, যাওয়াইদ আল মুসনাদ ১/১৩৩; আবু দাউদ ২৪৯; বাইহাকী ১/১৭৫, ২২৭; তাবারী, তাহযীবুল আছার, মুসনাদে আলী পৃ: ২৭৬ নং ৪১, ৪২; বাযযার, আল বাহরুয যুখ্থার নং ৮১৩।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন